



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-০১ (প্রশাসন ও হিসাব)
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।



স্মারক নং- ৫৭.০৩.০০০০.০১০.১৮.০০৭.২২ (অংশ-১)-২৯৭

তারিখ: ১৪ কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ
৩০ অক্টোবর ২০২২ খ্রিস্টাব্দ

বিষয়ঃ কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন আঞ্চলিক পরিচালকের কার্যালয়, পলিটেকনিক/মনোটেকনিক ইনস্টিটিউট এবং টেকনিক্যাল স্কুল ও কলেজসমূহের নন-গেজেটেড কর্মচারীগণের মাতৃকালীন ছুটি মঞ্জুর সংক্রান্ত।

সূত্রঃ কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক নং- ৫৭.০৩.০০০০.০১০.১৮.০০৭.২২ (অংশ-১)-২৮৮, তারিখ: ২৫ অক্টোবর ২০২২ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দাপ্তরিক কাজে সেবা সহজীকরণের অংশ হিসেবে কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন আঞ্চলিক পরিচালকের কার্যালয় এবং সরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে (পলিটেকনিক/মনোটেকনিক ইনস্টিটিউট এবং টেকনিক্যাল স্কুল ও কলেজ) চাকরি (বেতন ভাতাদি) আদেশ, ২০১৫ অনুযায়ী প্রাপ্য নন-গেজেটেড কর্মচারীগণের মাতৃকালীন ছুটি স্ব-স্ব বিভাগের/অঞ্চলের আঞ্চলিক পরিচালক মঞ্জুর করবেন;

০২। উক্ত ছুটি মঞ্জুরের ক্ষেত্রে বাংলাদেশ সার্ভিস রুলস্ এর বিধি ১৪৯ ও বিধি ১৯৭ সহ প্রচলিত অন্যান্য বিধি-বিধান প্রতিপালন করতে হবে এবং ছুটি মঞ্জুরের অনুলিপি কারিগরি শিক্ষা অধিদপ্তর /নিয়োগকারী কর্তৃপক্ষকে প্রদান করতে হবে;

০৩। উল্লেখ্য, ১৭ জুন ২০২১ খ্রি. তারিখে ৫৭.০৩.০০০০.০১০.১৯.০৬৯.২১-২২৪ নং স্মারকে জারিকৃত কারিগরি শিক্ষা অধিদপ্তরের অধীন আঞ্চলিক পরিচালকের কার্যালয়, পলিটেকনিক/মনোটেকনিক ইনস্টিটিউট এবং টেকনিক্যাল স্কুল ও কলেজসমূহের শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীগণের মাতৃকালীন ছুটি মঞ্জুর সংক্রান্ত আদেশটি এতদ্বারা বাতিল করা হলো;

০৪। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-
(প্রকৌ. মোঃ জয়নাল আবেদীন)
পরিচালক (প্রশাসন)

বিতরণ:

- ০১। পরিচালক, আঞ্চলিক পরিচালকের কার্যালয় (সকল);
- ০২। অধ্যক্ষ, পলিটেকনিক/মনোটেকনিক ইনস্টিটিউট (সকল);
- ০৩। অধ্যক্ষ, টেকনিক্যাল স্কুল ও কলেজ (সকল)।

স্মারক নং- ৫৭.০৩.০০০০.০১০.১৮.০০৭.২২ (অংশ-১)-২৯৭

তারিখ: ১৪ কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ
৩০ অক্টোবর ২০২২ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ০১। সিনিয়র সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ০২। অতিরিক্ত সচিব (কারিগরি অনু.), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ০৩। পরিচালক (সকল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা;
- ০৪। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা;
- ০৫। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য);
- ০৬। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য);
- ০৭। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা;
- ০৮। ডিভিশনাল কম্পট্রোলার অব একাউন্টস, ----- বিভাগ;
- ০৯। সহকারী পরিচালক (সকল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা;
- ১০। জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, ----- জেলা;
- ১১। উপজেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, ----- উপজেলা----- জেলা;
- ১২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আই.সি.টি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (পত্রটি অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশ এবং সংশ্লিষ্ট সকলকে ই-মেইলে প্রেরণের জন্য অনুরোধ করা হলো);
- ১৩। মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ১৪। সংশ্লিষ্ট নথি।

(মোঃ হাবিবুর রহমান)

সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব)